



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং : মাধ্যমিক/পনি/৬৩/বিজ্ঞপ্তি নথি/৫৭/৭৪

তারিখ : ০৮-১২-২০২১ খ্রি.

২০২১ সালের অষ্টম শ্রেণি হতে নবম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের “উত্তীর্ণ সনদ” প্রদানের লক্ষ্যে সম্ভাব্য তালিকা (Probable List) হতে সিলেকশন (Selection) দেওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতায় সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৪-১১-২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩ নং স্মারকপত্রের আলোকে করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শ্রেণিকক্ষে শিক্ষা-শেখানো কার্যক্রম বিবেচনায় ২০২১ সালের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে মূল্যায়ন করে নবম শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ২০২১ সালের জেএসসি পরীক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের মূল্যায়ন করে প্রস্তুতকৃত ফলাফলের ভিত্তিতে বোর্ড থেকে উত্তীর্ণ সনদ প্রদানের জন্য অনলাইন এর সম্ভাব্য তালিকা (Probable list) থেকে শিক্ষার্থী (Selection) দেওয়ার জন্য আগামী ১২-১২-২০২১ খ্রি. তারিখ থেকে ২০-১২-২০২১ খ্রি. তারিখের মধ্যে সিলেকশন দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। Probable (JSC-2021) তালিকা হতে ছাত্র-ছাত্রী নির্বাচনের নিয়মাবলি :-

1. Visit www.jessoreboard.gov.bd
2. Click JSC-2021 from Fillup Our Services
3. Login with EHN and Password
4. Select Actual Student from list.
5. Click Final Submit button after Selection.

২। ফাইনাল সাবমিট দেওয়ার পর Final Submitted তালিকাটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

৩। সিলেকশন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য কোনো ‘ফি’ প্রদান করতে হবে না।

সেজন্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে কোনো অর্থ গ্রহণ করা যাবে না।

৪। সিলেকশন করতে ব্যর্থ হলে ৮ম শ্রেণিতে অনুত্তীর্ণ শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে অর্থাৎ নবম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

এ বোর্ডের অধীন সকল নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

(প্রফেসর মাধব চন্দ্র রানা)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

সদয় জ্ঞাপনার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। উপ-পরিচালক (হি ও নি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, (চেয়ারম্যান মহোদয়কে অবহিত করার জন্য)
- ৮। সংরক্ষণ নথি।